গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০০৪.১৭-২৬ তারিখ: ২৩ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ / ০৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

## নিয়োগ পত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং স্মারকের আলোকে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীদের জাতীয় বেতনস্কেল ২০১৫-এর বেতনক্রম এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী যাবতীয় ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো :

| ক্র: নং | প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ১. | নাম: মোঃ জাহাঙ্গীর আলম<br>পিতা: মোঃ আব্দুল হানিফ<br>মাতা: মোছাঃ জায়েদা খাতুন | গ্রাম: হিরার ভিটা<br>পো: সুখাতী<br>উপজেলা: নাগেশ্বরী<br>জেলা: কুড়িগ্রাম | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- |
| ২. | নাম: মোঃ ডালিম হোসেন<br>পিতা: মোঃ আব্দুল মান্নান<br>মাতা: আমেনা খাতুন | গ্রাম: কাশিমনগর<br>পো: নবগ্রাম বাজার<br>উপজেলা: ধামরাই<br>জেলা: ঢাকা। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- |
| ৩. | নাম: আম্বিয়া খাতুন ইতু<br>পিতা: আমিরুল ইসলাম<br>মাতা: হোসনে আরা ইয়াসমিন | গ্রাম: বোয়ালদহ<br>পো: হাটশ হরিপুর<br>উপজেলা: কুষ্টিয়া সদর<br>জেলা: কুষ্টিয়া | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- |

**শর্তাবলি:**

১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থ্যতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

২) পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে তাঁর নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

৩) প্রার্থীগণকে "যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না" মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;

৪) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ২(দুই) বৎসর তাদের চাকুরী শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে;

৫) শিক্ষানবিসকালে তাদের আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাদেরকে চাকরি হতে অপসারণ করা হবে;

৬) চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে;

৭) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর তাদের চাকরি স্থায়ী করা হবে:

৮) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারাও তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে:

৯) বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় উক্ত কর্তৃপক্ষের অব্যাহতি পত্র দাখিল করতে হবে;

১০) নিয়োগকৃত প্রার্থীদের আগামী ০৬/০২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

**(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)**

১১) চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তাদের ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তাদের চাকরি থেকে অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২) এ চাকরিতে যোগদানের জন্য তাদেরকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করাহবে না।

স্বা:
(রওশন আরা পলি)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫০৫।

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০০৪.১৭-২৬ তারিখ: ২৩ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা]।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) ।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০ জনাব ..........................................................................
..........................................................................
..........................................................................
..........................................................................

৮.১.২০১৯
(রওশন আরা পলি)
সিনিয়র সহকারী সচিব